

তথ্য কমিশনে ০৫-০৬-২০১৮ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ০৯ টি অভিযোগের শুনানীশেষে ০৫ টি অভিযোগের নিষ্পত্তি করা হয় এবং ০৪ টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয়।

শুনানীতে অংশ নেন মাননীয় প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ, তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার এবং তথ্য কমিশনার জনাব সুরাইয়া বেগম।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে ডাচ বাংলা ব্যাংক লিমিটেড চট্টগ্রামের পূর্ব নাসিরাবাদ সিভিএ এভিনিউ শাখার ম্যানেজার, ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড চট্টগ্রামের আগ্রাবাদ শাখার ম্যানেজার, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সহকারী সচিব, ঝালকাঠির চাঁদকাঠি পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর নির্বাহী প্রকৌশলীর বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

অন্যদিকে ঢাকার সাতার উপজেলা নির্বাহী অফিসার, পূবালী ব্যাংক লিমিটেড মতিঝিল শাখার মানব সম্পদ বিভাগের জেনারেল ম্যানেজার, নারায়ণগঞ্জ সদক বিভাগের উচ্চমান সহকারী (অ.দা.) এবং

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ কর্মকর্তার বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী
শুনানীর দিন ধার্য করা হয়।

স্বাক্ষরিত:-

০৫-০৬-২০১৮

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-০২-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd